কারা অধিদপ্তর

| | | |
|---|---|---|
| অতিঃ কা ম প | | ☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন |
| কা উ ম প (সদর দপ্তর) | | ☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন |
| স কা ম প (প্রশাসন) | | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| | | ☐ আলোচনা করুন |

কারা মহাপরিদর্শক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০৪০.১৮.৪৮৫

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ / ০১ আগস্ট ২০২২

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

যোগাযোগ শাখা
01 AUG 2022
পত্র ডায়েরী নং......

১-৮-২০২২
দিলসাদ বেগম
উপসচিব
ফোন: +৮৮০-২-২২৩৩৫৪৫১৬
ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯
ইমেইল: admin1@ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০৪০.১৮.৪৮৫/১(৫১)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ / ০১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১-৮-২০২২
দিলসাদ বেগম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

তারিখঃ ১৯ শ্রাবণ' ১৪২৯ / ০৩ আগস্ট' ২০২২

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২২- ৮৪৮

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০১২.৩৪.০৪০.১৮.৪৮৫ তারিখ ০১-০৮-২০২২ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর (মেইলযোগে)।
আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত নির্দেশনা মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল, কেন্দ্রীয়/জেলা কারাগার (মেইলযোগে)।
৪। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/স্টাফ অফিসার/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/আইসিটি সেল/প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১। ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

০৩/৮/2022
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
বিজে-০১৮৫১২০০৫৪১
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

# বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং- বাশিহাই/প্রশাসন/২০২২/ ৭৭২৩ তারিখঃ ২৮.০৭.২০২২ইং

বরাবর

সচিব

সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ঢাকা শিশু হাসপাতাল এর নাম পরিবর্তন প্রসঙ্গে।

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে গত ১৬/০৯/২০২১ইং তারিখে মহান জাতীয় সংসদে ঢাকা শিশু হাসপাতাল ও বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইনস্টিটিউটকে একীভূত করে ''বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১" পাস হয়। যা ২২/০৯/২০২১ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে। এরই প্রেক্ষিতে 'ঢাকা শিশু হাসপাতাল' এর নামের পরিবর্তে 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট' নামে সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। এমতাবস্থায় এখন হতে "ঢাকা শিশু হাসপাতাল" এর পরিবর্তে "বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট" নাম ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

অধ্যাপক ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক
বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপ-পরিচালক (হাসপাতাল), বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। উপ-পরিচালক (অর্থ), বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।
০৬। প্রশাসনিক কমকর্তা, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। দপ্তর কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ আশ্বিন, ১৪২৮/২২ সেপ্টেম্বর, ২০২১

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ আশ্বিন, ১৪২৮ মোতাবেক ২২ সেপ্টেম্বর, ২০২১ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০২১ সনের ১৯ নং আইন

## শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং এতদ্‌বিষয়ে গবেষণা ও উচ্চশিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য প্রণীত আইন

যেহেতু বাংলাদেশে শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবার মানোন্নয়ন, নিশ্চিতকরণ এবং এতদ্‌বিষয়ে গবেষণা ও উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউট স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মূল্য : টাকা ১৬.০০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) 'ইনস্টিটিউট' অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ইউনিট;

(২) 'একাডেমিক কাউন্সিল' অর্থ ধারা ১১ এর অধীন গঠিত একাডেমিক কাউন্সিল;

(৩) "একাডেমিক কো-অর্ডিনেটর" অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের একাডেমিক কো-অর্ডিনেটর;

(৪) 'তহবিল' অর্থ ধারা ১৮ এ বর্ণিত তহবিল;

(৫) 'নির্ধারিত' অর্থ প্রবিধান দ্বারা নির্ধারিত;

(৬) 'পরিচালক' অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের পরিচালক;

(৭) 'প্রবিধান' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৮) 'বিধি' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৯) 'বোর্ড' অর্থ ধারা ৬ এর অধীন গঠিত পরিচালনা বোর্ড;

(১০) 'শিশু' অর্থ শিশু আইন, ২০১৩ (২০১৩ সনের ২৪ নং আইন) তে সংজ্ঞায়িত শিশু;

(১১) 'সদস্য' অর্থ পরিচালনা বোর্ডের সদস্য;

(১২) 'স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান' অর্থ বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান যাহার চিকিৎসা শাস্ত্রে স্নাতক বা স্নাতকোত্তর কোর্সের স্বীকৃতি প্রদানের আইনগত ক্ষমতা রহিয়াছে;

(১৩) 'হাসপাতাল' অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের স্বাস্থ্যসেবা প্রদানকারী ইউনিট;

(১৪) 'হাসপাতাল ও ইনস্টিটিউট' অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট।

৩। **হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা।**—(১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে ঢাকার শেরে বাংলা নগরে প্রতিষ্ঠিত ঢাকা শিশু হাসপাতাল ও বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট নামে অভিহিত হইবে এবং উহা এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) হাসপাতাল ও ইনস্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং হাসপাতাল ও ইনস্টিটিউট উহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।